সংবাদ

তারিখ ২২/১২/৮১
পৃষ্ঠা ... কলাম ...

# প্রাথমিক শিক্ষকদের দাবী মেনে নেয়ার আহ্বান

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব আবদুর রাজ্জাক অবিলম্বে আলাপ আলোচনার মাধ্যমে প্রাথমিক শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবী মেনে নেয়ার আহবান জানিয়েছেন।

গতকাল এক বিবৃতিতে তিনি গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন সরকারী হঠকারী পদক্ষেপের ফলে প্রাথমিক শিক্ষকদের জীবনে দুর্ভোগ নেমে আসে এবং লাখ লাখ প্রাইমারী স্কুলের ছাত্রছাত্রীদের শিক্ষার ক্ষেত্রে দারুণ সংকট সৃষ্টি হয়। প্রাথমিক শিক্ষকদের ঐক্যবদ্ধ সংগ্রামের ফলেই সরকার নতি স্বীকার করে এবং তাদের দাবী-দাওয়া মেনে নেবার অঙ্গীকার করতে বাধ্য হয়। কিন্তু দুর্ভাগ্যজনক যে সরকার প্রাথমিক শিক্ষকদের সাথে ৬ই মার্চের চুক্তি বাস্তবায়ন না করে পুনরায় শিক্ষকদের ধর্মঘট বিক্ষোভ ও অচলাবস্থার দিকে ঠেলে দিচ্ছে।